

যুগান্তর

স্নাতকে ভর্তি

পাবিপ্রবিত্তে নৈর্ব্যক্তিক ও লিখিত পদ্ধতিতে পরীক্ষা ১৫ নভেম্বর

প্রকাশ : ২০ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



পাবনা প্রতিনিধি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় ৯২০ আসনের জন্য ২৫ হাজার ৭০৫ শিক্ষার্থী আবেদন করেছেন। প্রতি আসনের জন্য লড়ছেন ২৮ জন করে। এদিকে ভর্তি পরীক্ষায় দুর্নীতি ও অসদুপায় রোধে নৈর্ব্যক্তিকের পাশাপাশি লিখিত পরীক্ষা নেয়া হবে এবং মৌখিক পরীক্ষার সময় পরীক্ষার্থীর হাতের লেখা যাচাই করা হবে। শনিবার দুপুরে পাবিপ্রবির ভিসি প্রফেসর ড. এম রোস্তুম আলী ভর্তি পরীক্ষা নিয়ে সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় এ তথ্য জানান।

ভিসি বলেন, আগামী ১৫ নভেম্বর এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ক্যাম্পাসের একাডেমিক ভবনসহ শহরের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। জনসংযোগ দফতরের উপ-পরিচালক ফারুক হোসেন চৌধুরীর সঞ্চালনায় মতবিনিময় সভায় প্রোভিসি প্রফেসর ড. অনোয়ারুল ইসলাম, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট মো. সাইফুল ইসলাম, প্রক্টর ড. প্রীতম কুমার দাস, ছাত্র উপদেষ্টা মো. মাহমুদুল হাসান প্রমুখ বক্তব্য দেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।